দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ...SEP. 09 1999.
পৃষ্ঠা ১ কলাম ২ ......

133

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ডঃ আলী আহমেদ ট্রাস্ট ফাণ্ড গঠিত

প্রেস বিজ্ঞপ্তি ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'ডঃ আলী আহমেদ ট্রাস্ট ফাণ্ড' প্রতিষ্ঠার উদ্দেশে মরহুম ডঃ আলী আহমদের স্ত্রী মিসেস সেলিমা আহমেদ গত ৭ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর নিকট ২ লাখ টাকার একটি চেক প্রদান করেন। ভিসির দফতরে অনুষ্ঠিত এই চেক প্রদান অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মরহুম ডঃ আহমেদের কন্যা ডাঃ হোমায়রা আহমেদ, সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান প্রমুখ।

এই ট্রাস্ট ফাণ্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান/লোকপ্রশাসন বিভাগে অনার্স ফাইনাল পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকারী শিক্ষার্থী অথবা প্রথম স্থান অধিকারীর জন্য অধিক বৃত্তি বরাদ্দ থাকলে কর্তৃপক্ষের বিবেচনায় বিকল্প মেধাবী শিক্ষার্থীকে নগদ বৃত্তি প্রদান করা হবে।

উল্লেখ্য, মরহুম ডঃ আলী আহমেদ ১৯২৭ সালের ১ ডিসেম্বর কুমিল্লা জেলার চান্দিনায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। কর্মজীবনে ডঃ আহমেদ ঢাকা কলেজ, সরকারী তিতুমীর কলেজ, কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ ও দিনাজপুর সরকারী কলেজে অধ্যক্ষ ছিলেন।